# ICB SECURITIES TRADING COMPANY LIMITED
**(A Subsidiary of ICB)**
Green City Edge (7th Floor), 89,Kakrail, Dhaka-1000, Bangladesh
TEL : PABX : 8300461, 8300462, FAX : +880-2-8300466
E-mail : istclbd@gmail.com, Website : www.istcl.com.bd


## হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ২৫ আষাঢ় ১৪৩২ / ০৯ জুলাই ২০২৫

## প্রশাসনিক পরিপত্র নং- ২৪/২০২৫

**বিষয়ঃ AML/CFT সম্পর্কে সকল কর্মচারীগণকে অবহিতকরণ ও বাৎসরিক ঘোষণাপত্র জারি প্রসঙ্গে।**

বাংলাদেশ ব্যাংকের Bangladesh Financial Intelligence Unit (BFIU) কর্তৃক ৩০ ডিসেম্বর, ২০১২ তারিখের বিএফআইইউ সার্কুলার নম্বর-০৬/২০১২ এবং সংশ্লিষ্ট অন্যান্য আইনে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত Guidelines on Prevention of Money Laundering & Combating Financing of Terrorism for Capital Market Intermediaries এর নির্দেশনা অনুযায়ী কোম্পানিতে কর্মরত কর্মচারীদের জন্য **"মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নির্দেশিকা"** শিরোনামে দিক নির্দেশনামূলক নীতিমালা কোম্পানির পরিচালনা বোর্ডের ১৮ জানুয়ারী ২০১৫ তারিখে অনুষ্ঠিত ১২২তম সভায় অনুমোদিত হয়েছে।

০২। এছাড়া, বাংলাদেশ ব্যাংকের Bangladesh Financial Intelligence Unit (BFIU) এর ১৯ অক্টোবর ২০১৫ তারিখের বিএফআইইউ সার্কুলার নম্বর-১৮ এর ১.২ অনুচ্ছেদ এবং ৩০ মে ২০২৩ তারিখের সার্কুলার নম্বর ২৮ এর ১.২ অনুচ্ছেদ নং-১.২ (খ) অনুযায়ী TREC Holder এর প্রধান নির্বাহী বাৎসরিক ভিত্তিতে প্রতিষ্ঠানের সকল ডিপার্টমেন্ট/শাখার কর্মচারীদের উদ্দেশ্যে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সুস্পষ্ট ও কার্যকর অঙ্গীকার ঘোষণা করবেন এবং অঙ্গীকার বাস্তবায়নে যথাযথ নির্দেশনা প্রদান করবেন মর্মে উল্লেখ রয়েছে।

০৩। এতৎপ্রেক্ষিতে কোম্পানিতে **মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে** প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ঘোষণাপত্র সকলের অবগতি ও পরিপালনের জন্য এতৎসঙ্গে জারি করা হলো।

**(মোঃ মফিজুর রহমান)**
প্রধান নির্বাহী কর্মকর্তা

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১) প্রধান নির্বাহী কর্মকর্তা -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০২) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিন) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেশন, ফাইন্যান্স ও সেক্রেটারীজ ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (ইন্টারন্যাল কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (আইসিটি ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮) আইএসটিসিএল এর সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/এক্সটেনশন অফিস/ডিজিটাল বুথ/শাখাসমূহ।
০৯) অফিস কপি।

**অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয়-ব্যবস্থা গ্রহণের জন্য):**

ডিপার্টমেন্ট প্রধান, সফটওয়্যার ডিপার্টমেন্ট, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।

# ICB SECURITIES TRADING COMPANY LIMITED
**(A Subsidiary of ICB)**
Green City Edge (7th Floor), 89,Kakrail, Dhaka-1000, Bangladesh
TEL : PABX : 8300461, 8300462, FAX : +880-2-8300466
E-mail : istclbd@gmail.com, Website : www.istcl.com.bd

**এএমএল/সিএফটি কমপ্লায়েন্স ইউনিট**

তারিখঃ ২৫ আষাঢ় ১৪৩২ / ৯ জুলাই ২০২৫

## ‘‘মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাৎসরিক ঘোষণা’’

মানিলন্ডারিং (Money Laundering) ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন (Terrorist Financing) সমগ্র বিশ্বের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে অন্যতম অন্তরায়। এ দু’টি অপরাধমূলক কর্মকান্ড একযোগে প্রতিরোধে বিশ্বের নীতিনির্ধারকগণ কর্তৃক প্রতিনিয়ত নতুন নতুন নির্দেশনা জারি করা হচ্ছে। কিন্তু মানিলন্ডারগণ ও সন্ত্রাসী কার্যে অর্থায়নকারীগণ তাদের অপরাধমূলক কার্যক্রম পরিচালনায় নিত্য নতুন পন্থা বা কৌশল অবলম্বন করছে। মানিলন্ডারিং এর মাধ্যমে অর্জিত অর্থ মাদক ব্যবসায়ী, চোরাকারবারী, সন্ত্রাসী, অবৈধ অস্ত্র ব্যবসায়ী, অসৎ কর্মচারী এবং অন্যান্যদের অবৈধ কার্যকলাপ বৃদ্ধি পাচ্ছে।

মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাংলাদেশ ব্যাংকের ‘‘Bangladesh Financial Intelligence Unit (BFIU)’’ সময় সময় যুগোপযোগী বিভিন্ন গুরুত্বপূর্ণ নীতিমালা ও পদক্ষেপ গ্রহণ করে আসছে। BFIU মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ আইনের সংশ্লিষ্ট ধারা বলে Capital Market intermediaries (CMI) বা পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহকে আওতাভুক্ত করে কতিপয় নির্দেশনা জারি করেছে।

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সবসময় জোরালো ভূমিকা পালন করে আসছে। এক্ষেত্রে উল্লেখ্য, BFIU কর্তৃক ৩০ ডিসেম্বর, ২০১২ তারিখে জারীকৃত বিএফআইইউ সার্কুলার নং-০৬/২০১২ এবং সংশ্লিষ্ট অন্যান্য আইনে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত Guidelines on Prevention of Money Laundering & Combating Financing of Terrorism for Capital Market Intermediaries এর নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে কোম্পানির উদ্দেশ্য/প্রতিশ্রুতি/বাধ্যবাধকতা অনুযায়ী আইন ও বিধি-বিধান মোতাবেক মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের বিষয়ে কর্মরত কর্মচারীগণের জন্য একটি দিকনির্দেশনামূলক নীতিমালা প্রণয়ন করা হয়েছে যা ‘‘মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নির্দেশিকা’’ শিরোনামে ১৮ জানুয়ারী, ২০১৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ১২২তম সভায় অনুমোদিত হয়েছে।

‘‘মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নির্দেশিকা’’ এবং BFIU কর্তৃক জারিকৃত গাইডলাইন্স ও সার্কুলার এর আলোকে কোম্পানির মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কর্মসূচি পরিপালনে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা অঙ্গীকারবদ্ধ, সুতরাং

- প্রত্যেক কর্মচারীর উপর দৈনন্দিন স্বাভাবিক কাজকর্মে মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত আইন ও বিধি-বিধান, সার্কুলার পরিপালনের দায়িত্বারোপ করা হলো।

- প্রত্যেক কর্মচারীকে “মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নির্দেশিকা” ও BFIU কর্তৃক জারিকৃত গাইডলাইন, সার্কুলার এর আলোকে সন্দেহজনক লেনদেন রিপোর্ট বা Suspicious Transaction Report (STR) ও নগদ লেনদেন রিপোর্ট বা Cash Transaction Report (CTR) করার জন্য এবং সকল প্রকার গ্রাহকের হিসাব খোলার গ্রাহক পরিচিতি অর্থাৎ Know Your Customer (KYC) ফরম পূরণ ও হালনাগাদসহ ১৯ অক্টোবর ২০১৫ তারিখের BFIU সার্কুলার নং- ১৮ ও ৩০ মে ২০২৩ তারিখের BFIU সার্কুলার নং- ২৮ যথানিয়মে পরিপালনের নির্দেশনা প্রদান করা হলো।

- প্রশাসনিক পরিপত্র আকারে জারীকৃত সকল “মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাৎসরিক ঘোষণা ” সমূহ সংশ্লিষ্ট সকল ডিভিশন, ডিপার্টমেন্ট, ইউনিট, বুথ ও শাখা কর্তৃক সংরক্ষণ ও ঘোষণাসমূহে প্রদানকৃত নির্দেশনাসমূহ মেনে চলার জন্য প্রত্যেক কর্মচারীকে তার উপর অর্পিত দায়িত্বের পাশাপাশি এ সম্পর্কযুক্ত আইন ও বিধি-বিধান পরিপালনের ব্যাপারে দায়িত্বশীল হওয়ার নির্দেশনা প্রদান করা হলো।

- মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত আইন ও বিধি-বিধান সম্পর্কে অবহিত না থাকা বা অজ্ঞতা প্রকাশ কোনভাবেই এ আইন ও বিধি-বিধান পরিপালন না করার অজুহাত হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(মোঃ মফিজুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা